36

দৈনিক ইত্তেফাক

তারিখ 03 AUG 1995
পৃষ্ঠা 7 কলাম 2

# ওয়ালিউল্লাহ মেধা তালিকায় প্রথম

বরিশাল অফিস ॥ সাধারণ বিজ্ঞান বিভাগে সম্মিলিত মেধা তালিকায় ওয়ালিউল্লাহ খান নোমানী প্রথম স্থান অধিকার করিয়াছে। বরিশাল ক্যাডেট কলেজের ছাত্র নোমানী বাংলা,

( ১০ম পৃ: ৪-এর ক: দ্র: )

## ওয়ালিউল্লাহ

( ১ম পৃ: পর )

ইংরেজী, সাধারণ গণিত, ভূগোল ইসলামী শিক্ষা, নৈর্বাচনিক গণিত ও সাধারণ বিজ্ঞানে লেটার মার্কসহ সর্বমোট ৯০০ নম্বর পাইয়াছে। সে ভবিষ্যতে সেনা অফিসার হইতে চায়। ৪ ভাই-বোনের মধ্যে নোমানী সর্বকনিষ্ঠ। তাহার বড় ভাই ফয়জুল্লাহ খান সিবলী এবারে ঐ ক্যাডেট কলেজ হইতে এইচ এসসি পরীক্ষায় অংশগ্রহণ করিতেছে। সে এসএসসি পরীক্ষায় ১০ম স্থান অধিকার করিয়াছিল। তাহার ২ বোন মাসুদা ও শামীমা মেডিকেল কলেজের ছাত্রী। তাহার পিতা মোজাম্মেল হোসেন খান বিএডিসির (সার) আঞ্চলিক ব্যবস্থাপক। মাতা সৈয়দাতুন্নেছা একজন গৃহিনী। নোমানী এক সাক্ষাৎকারে জানায়, সে এ ধরনের ফল আশা করিয়াছিল। অবসর সময়ে সে বই পড়ে। ফুটবল ও ক্রিকেট তাহার প্রিয় খেলা। তাহার পিতামাতা জানান, পুত্রের এ ফলাফলে তাহারা দারুণ খুশী। তাহারা আল্লাহর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।